



পেঁপে গাছের কাণ্ড পঁচা রোগ ব্যবস্থাপনা

টিপস্ ও ফ্যাক্ট
সীট

রোগের নাম

পেঁপের কাণ্ড পচা রোগ (Stem Rot of papaya) একটি ছত্রাকজনিত রোগ।

রোগের লক্ষণ

- এ রোগের জীবানুর আক্রমণে বর্ষা মৌসুমে কাণ্ড পচা রোগ দেখা যায়।
- অংকুরিত বীজে আক্রমণ হলে চারা গজানোর আগেই বীজ পচে যায়।
- আক্রান্ত অংশের আঁশ পচে যায় এবং সামান্য বাতাসে গাছ ভেঙ্গে পড়ে।

রোগ ব্যবস্থাপনা

- এ প্রতিকারের তেমন কোন সুযোগ থাকে না। তাই প্রতিরোধের ব্যবস্থা করা উত্তম।
- আশ্বিন (সেপ্টেম্বর-অক্টোবর) মাসে বীজতলা তৈরী করতে হলে বীজ বপনের পূর্বে বীজতলার মাটি ভালোভাবে শুকানোর ব্যবস্থা করতে হবে।
- সিকিউর নামক ছত্রাকনাশক ২-৩ গ্রাম প্রতি কেজি বীজের সাথে মিশিয়ে শোধন করলে ভালো ফল পাওয়া যায়।
- জমি তৈরীর পর ৬ সে.মি. পুরু করে শুকনো কাঠের গুড়া বা ধানের তুষ বীজতলায় বিছিয়ে পোড়াতে হবে। পরে মাটি কুপিয়ে বীচ বপন করতে হবে।
- রোগাক্রান্ত চারা দেখা মাত্র তা তুলে ধ্বংস করা।
- গাছের গোড়ায় পানি নিকাশের ভাল ব্যবস্থা করা।
- বীজতলার মাটি ৫% ফরমালিন দ্বারা জীবানু মুক্ত করা।
- এ রোগের লক্ষণ দেখা দিলে গাছের কাণ্ডের চারিদিকে ১% বর্দোমিকচার বা কুপ্রাভিট (০.৪%) যা রিডোমেল গোল্ড (০.২%) স্প্রে করা।



রোগাক্রান্ত পেঁপে গাছের
কাণ্ড



রোগাক্রান্ত পেঁপে গাছের কাণ্ডের
ভিতরের অবস্থা

আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে Sub
লিখে এসএমএস করুন ১৬২৫০ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে



রোগাক্রান্ত পেঁপে গাছের কাণ্ড ভেঙ্গে
গিয়েছে

